

# জাগো ২৪

## বিধাননগর পৌরনিগমের ২৪ নম্বর ওয়ার্ডের ভালো-মন্দ বার্তা




প্রথম বর্ষ , প্রথম সংখ্যা , মার্চ , ২০২২ , ফাল্গুন - চৈত্র , ১৪২৮

## -: স্বাগত ২৪ শে :-

**নব** বসন্তের রঙিন রঙে রাঙিয়ে শুরু হোক এক নতুন চলার জীবন পথ । যেখানে সবার আগে স্থান পাবে আদর্শ, উন্নয়ন এবং মানবসেবার এক নতুন দিগন্তরেখা । স্বাগত আমাদের সকলের প্রিয় ঘরের ছেলে, কাজের ও কাছের মানুষ মনীষ মুখার্জীকে । নব নির্বাচিত ২৪ নম্বর ওয়ার্ডের পৌরপিতা তথা ৪ নম্বর বোরো চেয়ারম্যানরূপে তিনি হাজির পুনরায় তাঁর কর্ম কুরুক্ষেত্রে জয়লাভের জন্য । মনীষ মুখার্জীর একমাত্র বার্তা - একতা, সেবা, প্রেম ও ভরসাসহ স্বচ্ছতা । আমরা ওয়ার্ডের সকল অধিবাসীগণ তাঁকে জানাই স্বাগত ।

ধন্যবাদ জানাই আমাদের সকলের প্রিয় জননেত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে, সেনাপতি শ্রী অভিষেক বন্দ্যোপাধ্যায়কে, সাথে নবীন প্রজন্মের পথ প্রদর্শক শ্রী দেবরাজ চক্রবর্তী এবং রাজারহাট গোপালপুরের বিধায়ক শ্রীমতী অদিতি মুন্সীকে । সর্বোপরি আমাদের দল সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সকল নেতৃত্বকে ।

বিধাননগর পৌরনিগমের অধীনে প্রত্যেক প্রবীন-নবীন প্রজন্ম স্বাগত জানায় এক নতুন পথের উন্নয়নের প্রতীক মনীষ মুখার্জীকে ।



## সম্পাদকীয় কলমে

**প্রথমে** প্রণাম জানাই আমাদের দল সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সভানেত্রী মাননীয়া শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে, যাঁর আদর্শে অনুপ্রাণিত হয়ে তাঁরই নির্দেশে জনসংযোগ মাধ্যমের একটি স্তম্ভ - সংবাদ পত্রিকা ..... তার শুভ উন্মোচন, সাথে শ্রী অভিষেক বন্দ্যোপাধ্যায়কে আমার শুভেচ্ছা - নবীন প্রজন্মকে সুন্দর করে আগামীর আহ্বানে অনুপ্রাণিত করার জন্য । শ্রী দেবরাজ চক্রবর্তী সেই মানুষ যিনি প্রসার করেছেন এক নতুন পথের সৈনিকদের - তাঁকেও আমার শুভেচ্ছা । আমাদের রাজারহাট গোপালপুরের বিধায়ক শ্রীমতী অদিতি মুন্সী - যাঁর আধ্যাত্মিক রাজনীতির ভাবধারায় আমরা সকলে উৎসাহিত । ধন্যবাদ স্নেহের বোন অদিতিকে ।

পরিশেষে সেই নায়কের কথা বলবো , যিনি নিজেই এক আদর্শের মূর্ত প্রতীক । তাঁর নাম আমার প্রিয় বন্ধু মনীষ মুখার্জী । ধন্যবাদ জানাই তাঁকে যে আমার মতো একজন সাধারণ মানুষকে এই মাসিক পত্রিকার সম্পাদক হিসাবে গুরুদায়িত্ব দেওয়ার জন্য ।

এই পত্রিকা আগামীদিনে পথ দেখাবে এক নতুন সমাজ গঠনের । মনীষ মুখার্জীর স্বপ্নের সারথী হয়ে আমাদের পত্রিকা এগিয়ে চলবে । নিরপেক্ষভাবে এলাকার সবদিক, স্বচ্ছতার সাথে মানুষের সামনে আনবে উন্নয়নের খতিয়ান হিসাবে । একজন পৌরপিতা দিনরাত পরিশ্রম করে তৈরি করেন তাঁর স্বপ্নগরীকে । সেই স্বপ্নগরীর স্বপ্নকে প্রসারিত করার জন্য আমার কলম সর্বদা জাগ্রত থাকবে । আপনাদের মতামত সর্বদা গ্রহণযোগ্যতা পাবে । এলাকা নিয়ে আপনাদের সুচিন্তন পরিকল্পনার মতামত ও বার্তাও স্থান পাবে এই পত্রিকায় । শিশুদের আঁকা, লেখা, ছড়া ও কবিতাও সাদরে আমাদের এই পত্রিকার সাহিত্য পাতায় জায়গা পাবে ।

আমাদের বিধাননগর পৌরনিগমের ২৪ নম্বর ওয়ার্ডের পৌরপিতা মনীষ মুখার্জীর অভিভাবকত্বে সকলে এগিয়ে যাবো আগামী দিনের এক উজ্জ্বল সমাজ গঠনের লক্ষ্যে ।

## পৌরপিতা মনীষ মুখার্জীর কলমে



# "আমার কথা"

**প্রথমেই** নতমস্তকে প্রণাম জানাই আমার জন্মভূমি, এই সোনার বাংলার, বিধাননগর পৌরনিগমের ২৪ নম্বর ওয়ার্ডের সকল বাসিন্দাদের, যাঁরা আমায় ভোট দিয়ে কাজ করার সুযোগ করে দিয়েছেন । ধন্যবাদ তাদেরকেও, যাঁরা আমায় ভোট দেননি । কারণ, আগামী দিনে এটাই আমার সুকর্ম লক্ষ্য হবে যে, আপনারাই একদিন আমার এবং আমাদের দলের স্বপক্ষে ভোট দেবেন ।

আমার আদর্শ আমার দল এবং সবার জননেত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় । প্রণাম জানাই আমার নেত্রীকে । বিশেষ ধন্যবাদ জানাই ভ্রাতৃপ্রতিম শ্রী দেবরাজ চক্রবর্তীকে । কারণ, বয়সে ছোটো হলেও দেবরাজই আমার সেই প্রিয় নেতা, যে আমার ওপর বিশ্বাস ও ভরসা রেখে এই ওয়ার্ডের কাজের দায়িত্ব দিয়েছে ।

পরিশেষে, ধন্যবাদ জানাই আমাদের রাজারহাট গোপালপুরের বিধায়ক আমার প্রিয় বোন শ্রীমতী অদিতি মুন্সীকে । অদিতির সহযোগিতাও অবশ্যই স্মরণীয় আমার কাছে । সুন্দর মনের মেয়ে অদিতি । বড়োদাদা হিসাবে আমি আশীর্বাদ করি ও যেন আরো বড়ো হয়ে সফলতার শীর্ষে ওঠে ।

আমার একটাই কথা - এলাকার আলো, জল, নিকাশি ব্যবস্থা ইত্যাদির সুষ্ঠু ও সুন্দর পরিসেবা দেওয়া যেমন আমার দায়িত্ব, তেমনই এলাকায় শান্তি, শৃঙ্খলা বজায় রাখা, মানুষের মধ্যে একে অপরের প্রতি ভালোবাসার বীজ বপন করা এবং সমগ্র অঞ্চলে একতার ছবি ফুটিয়ে তোলাও আমার আশু দায়িত্ব ও কর্তব্য ।

বেশ কয়েকটি সুবিধা অঞ্চলের সাধারণ মানুষের জন্য প্রথমেই আমি ঠিক করেছি, তা হলো - ২৪ নম্বর ওয়ার্ডে ২৪ ঘণ্টা জনপরিসেবা । অর্থাৎ ২৪ ঘণ্টাই আপনারা আমাদের পাশে পাবেন । আমার তরফ থেকে যে শুভেচ্ছা বার্তা আপনাদের কাছে পৌঁছে দেওয়া হয়েছে, সেই শুভেচ্ছা বার্তার কার্ডে তিনটি মোবাইল নম্বর দেওয়া আছে । যেকোনো অসুবিধাতেই আমরা হাজির হয়ে যাবো আপনাদের দরজায় । বিশেষ কোনো প্রয়োজন হলে আমাকেও আপনারা ফোন করতে পারেন, শুভেচ্ছাপত্রে আমারও নম্বর দেওয়া আছে ।

গতিমান সমাজ গড়ে তুলতে হবে । অনেক কাজ আমার বাকি । প্রত্যেক মাসে আমার মুখে আমার কথা জানতে পারবেন এই পত্রিকার মাধ্যমে । সবার শেষে রঙিন দোলযাত্রার শুভেচ্ছা ও ভালোবাসা জানাই আমার সকল এলাকাবাসীকে ।

(. . . . . ক্রমশঃ)

-: সম্পাদক :-

**শ্রী বাপ্পাদিত্য চক্রবর্তী**

-: কম্পোজ, গ্রাফিক্স এবং পেজ মেক-আপ :-

**শ্রী সুদীপ্ত সেন**

দূরভাষ :- 98317 65251 / 87770 98458 / 98303 11696 / 98319 14723

হোয়াটস্ অ্যাপ :- 98317 65251 / 98303 11696

(আমাদের পত্রিকায় যেকোন চিঠি, ছবি এবং শিশুদের আঁকা, লেখা, ছড়া ও কবিতা পাঠাতে পারেন হোয়াটস্ অ্যাপ নম্বরে )

# উন্নয়ন কর্মের খতিয়ান

কমল পার্ক, রামকৃষ্ণপল্লী এবং সংহতির গলি অঞ্চলে চলছে নতুন আলো লাগানো, নর্দমা পরিষ্কার করা এবং পতিত জমিতে আবর্জনা পরিষ্কারের কাজ ।



মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য চলছে বিদ্যালয় স্যানিটাইজেশন এবং পরীক্ষার্থীদের টিফিন, জল ও মাস্ক দেওয়া হচ্ছে ।
পরীক্ষার্থী এবং অভিভাবকদের বসার জন্য করা হয়েছে অস্থায়ী ক্যাম্প, রয়েছে মেডিক্যাল ক্যাম্প এবং অ্যাম্বুলেন্স পরিসেবাও ।





ওয়ার্ডের বিভিন্ন অঞ্চলে মশা ও মাছির উপদ্রব থেকে রক্ষা পেতে
নর্দমা ও জলাজঙ্গলে মশার তেল দেওয়া হচ্ছে, যাতে জমা জলে মশার লার্ভা মরে যায় এবং মশার ধোঁয়া দেওয়া হচ্ছে ।



ওয়ার্ডের বিভিন্ন অঞ্চলে শুরু হয়েছে গাছার ডাল ছাঁটাই এবং নতুন ঢালাই রাস্তা তৈরীর কাজ ।



**২৪ নং ওয়ার্ডের প্রতিটি সাধারণ মানুষ ও ব্যবসাদারদের জানানো হচ্ছে , আগামী ২৫ শে মার্চ , ২০২২ থেকে সমস্ত প্রকারের প্লাস্টিক ক্যারিব্যাগের ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করা হচ্ছে এবং চলাচলের রাস্তায় বেআইনী পার্কিং নিষিদ্ধ ঘোষণা করা হচ্ছে । নির্দেশ অমান্য করলে আইনানুগ ও প্রসাশনিক ব্যবস্থা গ্রহণ করা হবে ।**

বিধাননগর পৌরনিগমের ২৪ নম্বর ওয়ার্ডের
পৌরপিতা হিসেবে শপথ নিচ্ছেন শ্রী মনীষ মুখার্জী



বিধাননগর পৌরনিগমের ৪ নম্বর বোরো চেয়ারম্যানের
দ্বায়িত্বভার গ্রহণ করলেন শ্রী মনীষ মুখার্জী



২৪ নম্বর ওয়ার্ডের দ্বিতীয় "দুয়ারে সরকার" ক্যাম্পে উজ্জ্বল উপস্থিতি রাজ্যের অ্যাডিশনাল চিফ সেক্রেটারি মহাশয়,
উত্তর ২৪ পরগণার মাননীয়া অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মহাশয়া এবং বিধাননগরের এসডিও সাহেব মহাশয় ।



আমাদের ২৪ নম্বর ওয়ার্ডের পৌরপিতা এবং ৪ নম্বর বোরো চেয়ারম্যান সবার প্রিয় মানুষ শ্রী মনীষ মুখার্জীকে বিজয়ী সংবর্ধনা দেওয়ার জন্য সমগ্র ২৪ নম্বর ওয়ার্ডের নিম্নোক্ত ক্লাব সংগঠন ও দলীয় কার্য্যালয়ের সকল সদস্য ও সদস্যাদের অভিনন্দন জানাই :-

১. প্রফুল্লকানন বালকবৃন্দ পূর্ব
২. পল্লীবাসীবৃন্দ - খেয়াঘাট পল্লী
৩. ৮ নম্বর অঞ্চলের অধিবাসীবৃন্দ
৪. অনুরূপা পল্লী
৫. ৮ নম্বর লহার ব্রীজ দলীয় কার্য্যালয়
৬. ৮ নম্বর মৈত্রী সংঘ
৭. গীতাঞ্জলী পথ
৮. রবীন্দ্রপল্লী সোশ্যাল ওয়েল ফেয়ার
৯. কমল পার্ক সার্বজনীন দুর্গোৎসব কমিটি
১০. রবীন্দ্রপল্লী বিবেকানন্দ স্পোর্টিং ক্লাব
১১. কোলকাতা বিল্ডার্স - মহিলা সমিতি
১২. দেশপ্রিয় বিদ্যামন্দির বালক বিভাগ
১৩. ৭ নম্বর খেয়াঘাট পল্লী দূর্গাপুজা কমিটি
১৪. রবীন্দ্র অবৈতনিক শিক্ষানিকেতন
১৫. পিকুদের পাড়া
১৬. বিডি ব্লক পল্লীবাসীবৃন্দ
১৭. শতরূপা পল্লী
১৮. দলীয় কার্য্যালয় অনুরূপা পল্লী
১৯. প্রগতি সংঘ
২০. রবীন্দ্রপল্লী বিবেকানন্দ স্পোর্টিং ক্লাব (নারী শক্তি)

